# কোস্ট ফাউন্ডেশন
## প্রধান কার্যালয়, ঢাকা।

## "অফিস আদেশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাইতেছে যে, ইত্যবসরে কোস্ট ফাউন্ডেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের বিভিন্ন মাধ্যমে দৃষ্টিগোচরীভূত হয় যে, ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/ বিদায়ী কর্মীর নামে সনদপত্র ও অন্যান্য চিঠি ইস্যুর ক্ষেত্রে কোস্ট ফাউন্ডেশন মানব সম্পদ ও প্রশাসনিক ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী নির্বাহী পরিচালকের স্বাক্ষরের বাধ্যবাধকতা থাকিলেও উহা প্রতিপালন করা হইতেছে না। ফাউন্ডেশন নিম্নোক্ত অফিস আদেশটি প্রদান করিতেছেঃ}

### ফাউন্ডেশন থেকে ছাড়পত্র

কর্মরত কর্মকর্তা কর্তৃক অন্য কর্মরত বা বিদায়ী কর্মকর্তা/কর্মচারীর নামে নো অবজেকশন সার্টিফিকেট/রেফারেন্স চেক/ভিসা রিকয়েস্ট লেটার/পে-স্লিপ/সেলারি সার্টিফিকেট/ জব এক্সপেরিয়েন্স সার্টিফিকেট/বিভিন্ন পর্যায়ের প্রশিক্ষণ/উচ্চ শিক্ষা/মিটিং/ সেমিনারে অংশ গ্রহণের জন্য সুপারিশ সম্বলিত সার্টিফিকেট নির্বাহী পরিচালক কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে, অন্যথায় উক্ত সার্টিফিকেট/চিঠি বৈধভাবে গ্রহণযোগ্য নয় মর্মে বিবেচিত হইবে।

ফাউন্ডেশনের সাথে বিদায়ী কর্মীর কোনো আর্থিক লেনদেন নেই এই মর্মে একটি ক্লিয়ারেন্স সার্টিফিকেট দেওয়া হইবে। এ ছাড়পত্র নির্বাহী পরিচালকের স্বাক্ষরে প্রদান করা হইবে। উল্লেখ্য যে ইতিপূর্বে কোস্ট ফাউন্ডেশন এর কোনো কর্মকর্তা/কর্মচারী নির্বাহী পরিচালকের স্বাক্ষর ব্যতিত উল্লেখিত সনদপত্র/সার্টিফিকেট/চিঠি গ্রহণ করিয়া থাকিলে উহা বাতিল/অকার্যকর বলিয়া গণ্য হইবে। এখানে উল্লেখ্য যে এ ধরণের সার্টিফিকেট/চিঠি কারো কাছে থাকলে তা info@coastbd.net এ পাঠিয়ে পরীক্ষা করিয়ে নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। তবে কোনো কর্মকর্তা/কর্মচারী নতুন করিয়া সনদপত্র/চিঠি পাওয়ার জন্য বিধি মোতাবেক নির্বাহী পরিচালক বরাবরে আবেদন করিতে পারিবেন।

কোস্ট ফাউন্ডেশনের পক্ষে

**খালেদ মাসুদ মজুমদার**
এ্যাডভোকেট
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
মোবাইলঃ ০১৭৩০৯০৯০৯৩

প্রথম আলো ১৬/০৬/২০২৫